



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ-১২১৪

তারিখ : ২৫-০৪-২০২৬ খ্রি.

## ২০২৬ সালের এসএসসি পরীক্ষা সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান এসএসসি পরীক্ষা ২০২৬-এর প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত ভুয়া ও বিভ্রান্তিকর তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দিয়ে একটি অসাধু চক্র শিক্ষার্থী, অভিভাবক এবং সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তি, আতঙ্ক ও নৈতিক অবক্ষয় সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে এবং সরকারের ভাবমূর্তি বিনষ্টের চেষ্টা করছে।

এ প্রেক্ষিতে, ২০-০৪-২০২৬ তারিখে পুলিশের সিটি ইন্টেলিজেন্স অ্যানালাইসিস বিভাগ (সিটিটিসি) কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম পর্যবেক্ষণের মাধ্যমে “এসএসসি ২০২৬ প্রশ্নপত্র ফাঁস গ্রুপ” নামক একটি ফেসবুক পেইজ শনাক্ত করা হয়। প্রাপ্ত তথ্য ও প্রযুক্তিগত বিশ্লেষণের ভিত্তিতে সিটিটিসির একটি বিশেষ দল ২৩-০৪-২০২৬ তারিখে ঢাকা আশুলিয়া থানার জিরাবো টাঙ্গুর এলাকায় অভিযান পরিচালনা করে মূল হোতাসহ ০৪ (চার) জনকে গ্রেফতার করতে সক্ষম হয়। গ্রেফতারকৃতরা অবৈধ আর্থিক লাভ এবং সরকারের ভাবমূর্তি বিনষ্ট করার উদ্দেশ্যে প্রশ্ন ফাঁসের মিথ্যা প্রচার চালিয়ে চলমান পরীক্ষা কার্যক্রমকে ব্যাহত করার অপচেষ্টায় লিপ্ত।

এমতাবস্থায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত গুজব, অপপ্রচার ও প্রতারণামূলক কর্মকান্ড থেকে সকলকে সচেতন থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৫-০৪-২০২৬

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

মোবা : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

কেন্দ্র সচিব/প্রধান শিক্ষক

এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৬

ও

প্রধান শিক্ষক

এ বোর্ডের অধীন সকল মাধ্যমিক/

উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহ।